



জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৬৩

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৫  
১২ নভেম্বর ২০১৮

**বিষয় : অবোধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ**

সূত্র : জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ উপলক্ষে ৩১ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী  
(নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৬৩ তারিখ: ০৪ নভেম্বর ২০১৮- কপি সংলগ্নী-১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ১২ নভেম্বর ২০১৮ তারিখে পুনঃতফসিল ঘোষিত হয়েছে (তফসিল পুনঃনির্ধারণ সংক্রান্ত সময়সূচির প্রজ্ঞাপন: সংলগ্নী-২)। নির্বাচন পরিচালনার জন্য বিভাগীয় কমিশনার, ঢাকা ও বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এবং সকল জেলা প্রশাসককে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। রিটার্নিং অফিসারগণকে সহায়তার প্রদানের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার, কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, জেলা নির্বাচন অফিসার, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা নির্বাচন অফিসার এবং অন্যান্য কর্মকর্তাদের মধ্য হতে প্রত্যেক নির্বাচনি এলাকায় এক বা একাধিক সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে (রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন: সংলগ্নী-৩)।

২। সুষ্ঠু ও আইনানুগভাবে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচনপূর্ব শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা ও নির্বাচনপূর্ব অনিয়ম রোধে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণসহ যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:


- নির্বাচনি এলাকায় অবৈধ অস্ত্র উদ্ধার;
- সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা ও সংখ্যালঘুদের নিরাপত্তা বিধান;
- অবৈধ অনুপ্রবেশকারীদের নিয়ন্ত্রণ ও নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড প্রস্তুতকরণ।

৩। উল্লিখিত বিষয় ছাড়াও নির্বাচনি মালামাল পরিবহন, সংরক্ষণ ও বিতরণে নিরাপত্তা বিধান, রিটার্নিং অফিসারের কার্যালয় ও মাঠ পর্যায়ের নির্বাচন সংশ্লিষ্ট সকল দপ্তরের নিরাপত্তা নিশ্চিতকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং নির্বাচনের দিন ভোটকেন্দ্রে ও নির্বাচনের কয়েকদিন পূর্ব হতে নির্বাচনি এলাকায় সার্বিক শান্তিশৃঙ্খলা রক্ষায় আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়েনের পরিকল্পনা প্রস্তুতির জন্যও সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংলগ্নী- বর্ণনা মোতাবেক

সচিব  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

  
(ফরহাদ আহাম্মদ খান)

যুগ্ম সচিব

নির্বাচন পরিচালনা-২

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)

E-mail: forhadakecs2015@gmail.com

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-২-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭


যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, বিজিবি/র্যাপিড একশান ব্যাটালিয়ান (র্যাব)/ আনসার ও ভিডিপি/ কোস্টগার্ড, ঢাকা
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৭. বিভাগীয় কমিশনার, ..... (সকল)
৮. পুলিশ কমিশনার, ..... মেট্রোপলিটন পুলিশ (সকল)
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ..... (সকল রেঞ্জ)
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..... (সকল)
১৪. জেলা প্রশাসক, ..... (সকল) ও রিটার্নিং অফিসার
১৫. পুলিশ সুপার, ..... (সকল)
১৬. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .....(সকল)
১৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব নির্বাচন, কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



( মোঃ আতিয়ার রহমান )

উপসচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা

ফোন: ৫৫০০৭৬১০ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮

০১৭১৬৮৪৬৯৮২ (মোবাইল)

E-mail: sasemc1@gmail.com